

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০১৭.০১৮.০০.০০.০০২.২০১১(অংশ-২)- ১৬০৬


তারিখ : ১৫ অগ্রহায়ণ, ১৪২২ বঙ্গাব্দ।
২৯ নভেম্বর, ২০১৫ খ্রিঃ।

বিষয় : চট্টগ্রাম জেলার রাউজান উপজেলার নোয়াজিষপুর ইউনিয়নের নোয়াজিষপুর মৌজার ০.২৫ একর অকৃষি খাসজমি দীর্ঘমেয়াদি বন্দোবস্ত প্রদানের নিমিত্ত প্রশাসনিক অনুমতি প্রদান।

সূত্র : ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং-৩১.০০.০০০০.০৪২..৪১.১৭৭.১২-১৩০, তারিখঃ ২৯.১০.১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নোয়াজিষপুর ইউনিয়ন পরিষদের কমপ্লেক্স ভবন নির্মাণের জন্য ০.২৫ একর অকৃষি খাস জমির ধার্যকৃত মূল্য বাবদ ৩১,৬২,৬৫১/- (একত্রিশ লক্ষ বাষট্টি হাজার ছয়শত একান্ন) টাকা পরিশোধ করার মত আর্থিক সঙ্গতি নোয়াজিষপুর ইউনিয়ন পরিষদের নেই।

০২. এমতাবস্থায়, জেলা প্রশাসক, চট্টগ্রাম এর প্রস্তাব মোতাবেক ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা প্রতিকী মূল্যে নোয়াজিষপুর ইউপি কমপ্লেক্স ভবন নির্মাণের লক্ষ্যে বন্দোবস্ত প্রদানের অনুমতি দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(শরীফা আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

সচিব
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

০১. জেলা প্রশাসক, চট্টগ্রাম।
০২. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।